সিটি কর্পোরেশন নির্বাচন ২০০৮ ও ২০১৩: প্রার্থীদের তথ্যের তুলনামূলক বিশ্লেষণ

সুজন–সুশাসনের জন্য নাগরিক, ১২ জুন-২০১৩

আগামী ১৫ জুন ২০১৩ তারিখে বরিশাল, খুলনা, সিলেট ও রাজশাহী সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। চারটি সিটি কর্পোরেশনে সর্বমোট ১২ জন মেয়র প্রার্থী, ১১৮ টি সাধারণ ওয়ার্ডে ৫৪৮ জন কাউন্সিলর প্রার্থী এবং ৩৯টি সংরক্ষিত ওয়ার্ডে ১৯১ জন প্রার্থী অর্থাৎ সর্বমোট ৭৫১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনী বিধি অনুযায়ী, প্রার্থীগণ মনোনয়নপত্রের সঙ্গে হলফনামা আকারে ৭ ধরনের তথ্য (আয়কর বিবরণীসহ) রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিল করেছেন।

এই চারটি সিটি কর্পোরেশনে ইতোপূর্বে ২০০৮ এর ৪ আগস্ট নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। ঐ নির্বাচনে মেয়র, কাউন্সিলর এবং সংরক্ষিত আসনের কাউন্সিলর হিসেবে যারা নির্বাচিত হয়েছিলেন, ৪ জন বিদায়ী মেয়রসহ তাঁদের অধিকাংশই আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। ‘সুজন’-এর পক্ষ থেকে ২০০৮ ও ২০১৩ সালের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ৮জন মেয়র প্রার্থীসহ ২০০৮ সালে নির্বাচিত কাউন্সিলরদের মধ্যে যারা আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন, তাঁদের ২০০৮ ও ২০১৩-এর আয় ও সম্পদের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। আমরা গণমাধ্যমের সহায়তায় তথ্যের এই বিশ্লেষণ সংশ্লিষ্ট এলাকাসমূহের ভোটারদের জ্ঞাতার্থে তুলে ধরতে চাই – যাতে ভোটাররা প্রার্থীদের সম্পর্কে ভালোভাবে জেনে-শুনে-বুঝে অপেক্ষাকৃত সৎ ও যোগ্য প্রার্থীদের নির্বাচিত করতে পারেন।

উপরোল্লিখ প্রার্থীদের তথ্যের বিশ্লেষণ নিম্নে তুলে ধরা হলো।

মেয়র প্রার্থী ও নির্ভরশীলদের আয়ের তুলনামূলক চিত্রঃ

● ২০০৮ সালে নির্বাচিত প্রার্থী						● ২০০৮ সালে অনির্বাচিত প্রার্থী				
সিসি	প্রাথী	আয় ২০০৮ (টাকা)	আয় ২০১৩ (টাকা)	আয় হ্রাস/বৃদ্ধি (টাকা)	হ্রাস/বৃদ্ধির হার (%)	প্রার্থী	আয় ২০০৮ (টাকা)	আয় ২০১৩ (টাকা)	আয় হ্রাস/বৃদ্ধি (টাকা)	হ্রাস/বৃদ্ধির হার (%)
বরিশা	শওকত	৫,৮০,২৫	৩,৪৯,১১,০	(+)	(+)৫৯১৬.৫৪	মোঃ	৭,০৮,০	৯,৩০,০	(+)২,২২,০	(+)৩১.৩

ল	হোসেন	০	৩০	৩,৪৩,৩০,৭৮০	%	আহসান হাবিব কামাল	০০	০০	০০	৫%
খুলনা	তালুকদার আব্দুল খালেক	৩,৬২,০০০	৫,৩২,৬৬,৯৭৭	(+)৫,২৯,০৪,৯৭৭	(+)১৪৬১৪.৬৩%	মো: মনিরুজ্জামান	৮,৩৬,০০০	২,০০,০০০	(-)৬,৩৬,০০০	(-)৭৬.০৭%
সিলেট	বদর উদ্দিন আহম্মদ কামরান	২,১০,০০০	১৫,৪৯,৯৮৮	(+)১৩,৩৯,৯৮৮	(+)৬৩৮.০৮%	মো: ছালাহ উদ্দিন রিমন	০	০	০	
রাজশাহী	এ এইচ এম খায়রুজ্জামান লিটন	২,৪৪,০০০	৫৮,৭৫,৭৭২	(+)৫৬,৩১,৭৭২	(+)২৩০৮.১০%	মো: মোসাদ্দেক হোসেন	১,৬৮,০০০	১,৯২,০০০	(+)২৪,০০০	(+)১৪.২৮%
	মোট-	**১৩,৯৬,২৫০**	**৯,৫৬,০৩,৭৬৭**	**৯,৪২,০৭,৫১৭**	**(+)৬৭৪৭.১৮%**	মোট-	**১৭১২০০০**	**১৩২২০০০**	**(-)৩৯০০০০**	**(-) ২২.৭৮%**

- বিগত পৌনে পাঁচ বছরে চার সিটি কর্পোরেশনের চারজন বিদায়ী মেয়রেরই আয় উল্লেখযাগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র শওকত হোসেন ও তাঁর উপর নির্ভরশীলদের আয় ৩ কোটি ৪৩ লক্ষ ৩০ হাজার ৭শত ৮০ টাকা, খুলনা সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র তালুকদার আব্দুল খালেক ও তাঁর উপর নির্ভরশীলদের আয় ৫ কোটি ২৯ লক্ষ ৪ হাজার ৯ শত ৭৭ টাকা, সিলেট সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র বদর উদ্দিন আহম্মদ কামরান ও তাঁর উপর নির্ভরশীলদের আয় ১৩ লক্ষ ৩৯ হাজার ৯শত ৮৮ টাকা এবং রাজশাহী সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন ও তাঁর উপর নির্ভরশীলদের আয় ৫৬ লক্ষ ৩১ হাজার ৭ শত ৭২ টাকা বৃদ্ধি পেয়েছে। সবচেয়ে বেশী আয় বৃদ্ধি পেয়েছে খুলনার মেয়র তালুকদার আব্দুল খালেকের (১৪৬১৪.৬৩%) এবং সবচেয়ে কম আয় বৃদ্ধি পেয়েছে

বদর উদ্দিন আহম্মদ কামরানের (২৩০৮.১০%)। প্রসঙ্গত জব্দ থাকার কারণে ২০০৮ সালে বদর উদ্দিন আহম্মদ কামরানের আয় প্রদর্শন করা হয়নি, নির্দিষ্ট কলামে শুধুমাত্র তাঁর স্ত্রীর আয় দেখানো হয়েছে।

- ২০০৮ সালের অনির্বাচিত প্রার্থীদের মধ্যে বিগত পৌনে পাঁচ বছরে বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: আহসান হাবিব কামালের আয় ২ লক্ষ ২২ হাজার টাকা (৩১.৩৫%) এবং রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মোসাদ্দেক হোসেনের আয় ২৪ হাজার টাকা (১৪.২৮%) বৃদ্ধি পেলেও, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মনিরুজ্জামানের ৬ লক্ষ ৩৬ হাজার টাকা (৭৬.০৭%) হ্রাস পেয়েছে। সিলেট সিটি কর্পোরেশনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী মেয়র প্রার্থী মো: ছালাহ উদ্দিন রিমনের ২০০৮-এর আয় সংক্রান্ত কোন তথ্য পাওয়া না যাওয়ায়, তুলনামূলক চিত্র দেখানো সম্ভব হলো না। সিলেট সিটি কর্পোরেশনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী অপর মেয়র প্রার্থী জনাব আরিফুল হক চৌধুরী ২০০৮ সালে অনুষ্ঠিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেননি।

- একটি বিষয় লক্ষ্যণীয় যে, আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী বিদায়ী সকল মেয়রের আয় বৃদ্ধির হার চমক সৃষ্টি করলেও (সর্বোচ্চ ১৪৬১৪.৬৩% ও সর্বনিম্ন ২৩০৮.১০%), প্রতিদ্বন্দ্বিতাকারী অপর মেয়র প্রার্থীদের ক্ষেত্রে আয় বৃদ্ধির পাশাপাশি আয় হ্রাসের ঘটনাও ঘটেছে। বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: আহসান হাবিব কামালের আয় বৃদ্ধির হার সর্বোচ্চ ৩১.৩৫% এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মনিরুজ্জামানের আয় হ্রাসের হার ৭৬.০৭%।

- চার সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র ও নির্ভরশীলদের গড় আয় বৃদ্ধি পেয়েছে ৬৭৪৭.১৮%। অপরদিকে ২০০৮ এ অনির্বাচিত আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনের প্রতিদ্বন্দ্বী ৪ প্রার্থী ও নির্ভরশীলদের গড় আয় হ্রাস পেয়েছে ২২.৭৮%।

মেয়র প্রার্থী ও নির্ভরশীলদের সম্পদের তুলনামূলক চিত্র:

• ২০০৮ সালে নির্বাচিত প্রার্থী	• ২০০৮ সালে অনির্বাচিত প্রার্থী

সিসি	প্রার্থী	সম্পদ ২০০৮ (টাকা)	সম্পদ ২০১৩ (টাকা)	সম্পদ হ্রাস/বৃদ্ধি (টাকা)	হ্রাস/বৃদ্ধির হার (%)	প্রার্থী	সম্পদ ২০০৮ (টাকা)	সম্পদ ২০১৩ (টাকা)	সম্পদ হ্রাস/বৃদ্ধি (টাকা)	হ্রাস/বৃদ্ধির হার (%)
বরিশাল	শওকত হোসেন	২০,৮৫,৩২৬	১০,৯৪,৩৯,১৫০	(+) ১০,৭৩,৫৩,৮২৪	(+) ৫১৪৮.০৫%	মো: আহসান হাবিব কামাল	১,০৪,১১,৬৫০	২৭,৭৩,০০০	(-) ৭৬,৩৮,৬৫০	(-) ৭৩.৩৬%
খুলনা	তালুকদার আব্দুল খালেক	১,৮৫,৯৭,৫৫০	১০,০৮,৪১,২৯২	(+)৮,২২,৪৩,৭৪৩	(+)৪৪২.২২%	মো: মনিরুজ্জামান	১৬,১৩,১০০	৩০,৫৫,৫৩৭	(+)১৪,৪২,৪৩৭	(+) ৮৯.৪২%
সিলেট	বদর উদ্দিন আহম্মদ কামরান	২,১৪,৭৮,২৯০	৫,০০,৬২,৬২৪	(+)২,৮৫,৮৪,৩৩৪	(+)১৩৩.০৮%	মো: ছালাহ উদ্দিন রিমন	১,৭৫,০০০	৪৫,০০০	(-)১,৩০,০০০	(-) ৭৪.২৮%
রাজশাহী	এ এইচ এম খায়রুজ্জামান লিটন	৯৬,৭৫,০০০	১,৯৪,৪৭,১৯৮	(+)৯৭,৭২,১৯৮	(+)১০১%	মো: মোসাদ্দেক হোসেন	৫,৭২,০০০	১৬,১২,১৫৫	(+)১০,৪০,১৫৫	(+) ১৮১.৮৪%
	মোট	**৫,১৮,৩৬,১৬৬**	**২৭,৯৭,৯০,২৬৪**	**২২,৭৯,৫৪,০৯৯**	**(+) ৪৩৯.৭৫%**	মোট-	**১,২৭,৭১,৭৫০**	**৭৪,৮৫,৬৯২**	**(-)৫২,৮৬,০৫৮**	**(-) ৪১.৩৮%**

- বিগত পৌনে ৫ বছরের ব্যবধানে বরিশাল সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র শওকত হোসেন ও নির্ভরশীলদের সম্পদ বৃদ্ধি পেয়েছে ১০ কোটি ৭৩ লক্ষ ৫৩ হাজার ৮ শত ২৪ টাকা (৫১৪৮.০৫%), খুলনা সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র তালুকদার আব্দুল খালেক ও নির্ভরশীলদের

সম্পদ বৃদ্ধি পেয়েছে ৮ কোটি ২২লক্ষ ৪৩ হাজার ৭ শত ৪৩ টাকা (৪৪২.২২%), সিলেট সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র বদর উদ্দিন আহম্মদ কামরান ও নির্ভরশীলদের সম্পদ বৃদ্ধি পেয়েছে ২ কোটি ৮৫ লক্ষ ৮৪ হাজার ৩ শত ৩৪ টাকা (১৩৩.০৮%) এবং রাজশাহী সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন ও নির্ভরশীলদের সম্পদ বৃদ্ধি পেয়েছে ৯৭ লক্ষ ৭২ হাজার ১শত ৯৮ টাকা (১০১%)। সবচেয়ে বেশী সম্পদ বৃদ্ধি পেয়েছে বরিশাল সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র জনাব শওকত হোসেন ও নির্ভরশীলদের।

- বিগত পৌনে ৫ বছরের ব্যবধানে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মনিরুজ্জামান ও নির্ভরশীলদের সম্পদ ১৪ লক্ষ ৪২ হাজার ৪ শত ৩৭ টাকা (৮৯.৪২%) ও রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মোসাদ্দেক হোসেন ও নির্ভরশীলদের সম্পদ ১০ লক্ষ ৪০ হাজার ১ শত ৫৫ টাকা (১৮১.৮৪%) বৃদ্ধি পেলেও বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: আহসান হাবিব কামাল ও নির্ভরশীলদের সম্পদ ৭৬ লক্ষ ৩৮ হাজার ৬ শত ৫০ টাকা (৭৩.৩৬%) ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী মেয়র প্রার্থী মো: ছালাহ উদ্দিন রিমন ও নির্ভরশীলদের সম্পদ ১ লক্ষ ৩০ হাজার টাকা (৭৪.২৮%) হ্রাস পেয়েছে। খুলনা সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: মনিরুজ্জামান ও নির্ভরশীলদের আয় হ্রাস পেলেও সম্পদের পরিমান বৃদ্ধি পেয়েছে।
- ২০০৮ সালে নির্বাচিত মেয়রদের মধ্যে অধিকাংশের সম্পদ বৃদ্ধির চিত্র চমকে ওঠার মত হলেও, অনির্বাচিতদের ক্ষেত্রে হ্রাস-বৃদ্ধি দুই-ই ঘটেছে। বিদায়ী মেয়রদের ৪ জনের মধ্যে ২০০৮ সালের নির্বাচনের সময় ২ জনের সম্পদ কোটি টাকা এবং ২ জনের সম্পদ লক্ষ টাকার ঘরে থাকলেও, বর্তমানে ৪ জনই কোটিপতি। অপরদিকে ২০০৮ এ অনির্বাচিতদের ৪ জনের সম্পদই বর্তমানে লক্ষ টাকার অংকে। বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: আহসান হাবিব কামাল কোটিপতি থেকে লক্ষপতিতে পরিণত হয়েছেন। এক্ষেত্রে প্রশ্ন জাগা স্বাভাবিক যে, ক্ষমতার সোনার কাঠির স্পর্শেই বিদায়ী মেয়রদের সম্পদ কি হু হু করে বেড়ে গেল?

মেয়র প্রার্থী ও নির্ভরশীলদের নিট সম্পদের চিত্র:

• ২০০৮ সালে নির্বাচিত প্রার্থী					• ২০০৮ সালে অনির্বাচিত প্রার্থী			
সিসি	প্রার্থী	বর্তমান মোট সম্পদ	বর্তমান মোট দায়	বর্তমান নিট সম্পদ	প্রার্থী	বর্তমান মোট সম্পদ	বর্তমান মোট দায়	বর্তমান নিট সম্পদ
বরিশাল	শওকত	১০,৯৪,৩৯,১৫০	২,৬৪,৯৭,৩৩২	৮,২৯,৪১,৮১৮	মো:	২৭,৭৩,০০০	৪,৮৫,০০,০০০	(-)

	হোসেন				আহসান হাবিব কামাল			৪,৫৭,২৭,০০০
খুলনা	তালুকদার আব্দুল খালেক	১০,০৮,৪১,২৯২	৩,৮৫,০০০	১০,০৪,৫৬,২৯২	মো: মনিরুজ্জামান	৩০,৫৫,৫৩৭	০	৩০,৫৫,৫৩৭
সিলেট	বদর উদ্দিন আহম্মদ কামরান	৫,০০,৬২,৬২৪	০	৫,০০,৬২,৬২৪	মো: ছালাহ উদ্দিন রিমন	৪৫,০০০	০	৪৫,০০০
রাজশাহী	এ এইচ এম খায়রুজ্জামান লিটন	১,৯৪,৪৭,১৯৮	৩২,৪৪,২৭৪	১,৬২,০২,৯২৪	মো: মোসাদ্দেক হোসেন	১৬,১২,১৫৫	১০,৮৩,৭৭৩	৫,২৮,৩৮২
	মোট-	**২৭,৯৭,৯০,২৬৪**	**৩,০১,২৬,৬০৬**	**২৪,৯৬,৬৩,৬৫৮**		**৭৪,৮৫,৬৯২**	**৪,৯৫,৮৩,৭৭৩**	**-৪,২০,৯৮,০৮১**

- নিট সম্পদের ভিত্তিতে প্রতিদ্বন্দ্বী মেয়র প্রার্থীদের মধ্যে সবচেয়ে ধনী (নির্ভরশীলদের হিসাবসহ) খুলনা সিটি কর্পোরেশনের বিদায়ী মেয়র তালুকদার আব্দুল খালেক। তাঁর সম্পদের পরিমান ১০ কোটি ০৪ লক্ষ ৫৬ হাজার ২ শত ৯২ টাকা। সবচেয়ে দরিদ্র্য প্রার্থী সিলেট সিটি কর্পোরেশনের প্রতিদ্বন্দ্বিতাকারী মেয়র প্রার্থী মো: ছালাহ উদ্দিন রিমন। তাঁর সম্পদের পরিমান ৪৫ হাজার টাকা।
- আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ও ২০০৮ সালের নির্বাচিত মেয়রগণ সকলেই কোটিপতি। অপরদিকে ২০০৮ এ অনির্বাচিত ও আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সকল মেয়র প্রার্থীগণের (নির্ভরশীলদের হিসাবসহ) নিট সম্পদ লক্ষ, হাজার এমনকি কোটি টাকা অংকের দায়ের ঘরে।
- তথ্য বিশ্লেষণ করা হয়েছে, এমন ৮ জন প্রার্থীর ৫ জনেরই দায়-দেনা রয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থী মো: আহসান হাবিব কামালের সর্বোচ্চ ৪ কোটি ৮৫ লক্ষ টাকা দায় রয়েছে। বর্তমানে তাঁর মোট সম্পদের পরিমান ২৭ লক্ষ ৭৩ হাজার টাকা হলেও, দায়-দেনার

পরিমান ৪ কোটি ৮৫ লক্ষ টাকা। বিদায়ী মেয়রদের মধ্যে শওকত হোসেনের দায় সর্বোচ্চ ২ কোটি ৬৪ লক্ষ ৯৭ হাজার ৩ শত ৩২ টাকা। বদর উদ্দিন আহম্মদ কামরান, মো: মনিরুজ্জামান ও মো: ছালাহ উদ্দিন রিমনের কোন দায় নেই।

সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীদের তথ্য:

২০০৮ এ নির্বাচিত ও ২০১৩ এ কাউন্সিলর প্রার্থী ও নির্ভরশীলদের আয়ের তথ্য:

সিসি	২০০৮ এ নির্বাচিত	২০১৩ প্রতিদ্বন্দ্বীতাকারী	মোট বৃদ্ধি	আয় ২০০৮	আয় ২০১৩	মোট বৃদ্ধি	গড় বৃদ্ধি	বৃদ্ধির হার	প্রার্থীদের আয় স্থিতি	মোট হ্রাস	আয় ২০০৮	আয় ২০১৩	মোট হ্রাস	গড় হ্রাস	হ্রাসের হার	সর্বমোট
বরিশাল	৩০	২৮	১৮	৫২,৯৪,৯৯১	৮০,৪১,৭২১	২৭,৪৬,৭৩০	১,৫২,৫৯৬	৫১.৮৭%	৪	৫	৮৯,১৭,৮২৮	২৯,৮৬,৫৬৮	৫৯,৩১,২৬০	১১,৮৬,২৫২	৬৬.৫১%	২৭
খুলনা	৩১	২৪	১৫	৩৮,৫৬,৪৩৪	১,১৩,২১,২৫৩	৭৪,৬৪,৮১৯	৪,৯৭,৬৫৫	১৯৩.৫৬	১	৬	১৭,৮৯,৩০০	১২,৭৩,০০০	৫,১৬,৩০০	৮৬,০৫০	২৮.৮৫	২২
সিলেট	২৭	২৪	১৩	৪০,২২,০৫৩	৭২,৯৩,৪২৩	৩২,৭১,৩৭০	২,৫১,৬৭২	৮১.৩৩	১	৬	৬৬,৫৭,৪২৫	১১,২০,২৫০	৫৫,৩৭,১৭৫	৯,২২,৮৬৩	৮৩.১৭	২০
রাজশাহী	৩০	২৯	২৬	৪৬,৩৫,৬০০	৯৭,৩৭,২৩০	৫১,০১,৬৩০	১,৯৬,২১৬	১১০%	০	৩	৬,৪৯,৮০০	৩,৭২,৪০০	২,৭৭,৪০০	৯২,৪৬৭	৪২.৬৯%	২৯
মোট	১১৮	১০৫	৭২						৬	২০						৯৮

- ২০০৮ অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচনে সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদে বিজয়ীদের মধ্যে বরিশাল সিটি কর্পোরেশনে ৩০ জনের মধ্যে ২৮ জন, খুলনা সিটি কর্পোরেশনে ৩১ জনের মধ্যে ২৪ জন, সিলেট সিটি কর্পোরেশনে ২৭ জনের মধ্যে ২৪ জন এবং রাজশাহী সিটি কর্পোরেশনে ৩০ জনের মধ্যে ২৯ জন আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।
- ২০০৮ এ নির্বাচিতদের মধ্যে ২০১৩-তে যারা প্রতিদ্বন্দ্বিতা করছেন তাঁদের হলফনামা ও আয়কর বিবরণীতে প্রদত্ত তথ্য তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, বরিশাল সিটি কর্পোরেশনের ২৮ জনের মধ্যে ১৮ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১,৫২,৫৯৬ টাকা বৃদ্ধি পেলেও ৫ জনের জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১১,৮৬,২৫২ টাকা হ্রাস পেয়েছে, ৪ জন প্রার্থীর আয় বাড়েনি বা কমেনি, ১ জনের তথ্য পাওয়া যায়নি।
- খুলনা সিটি কর্পোরেশনের ২৪ জনের মধ্যে ১৫ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৪,৯৭,৬৫৫ টাকা বৃদ্ধি পেলেও ৬ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৮৬,০৫০ টাকা হ্রাস পেয়েছে; ১ জন প্রার্থী আয় বাড়েনি বা কমেনি, ২ জনের তথ্য পাওয়া যায়নি।
- সিলেট সিটি কর্পোরেশনের ২৪ জনের মধ্যে ১৩ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ২,৫১,৬৭২ টাকা বৃদ্ধি পেলেও ৬ জনের জনের (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৯,২২,৮৬৩ টাকা হ্রাস পেয়েছে; ১ জন প্রার্থী আয় বাড়েনি বা কমেনি, ৪ জনের তথ্য পাওয়া যায়নি।
- রাজশাহী সিটি কর্পোরেশনের ২৯ জনের মধ্যে ২৬ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১,৯৬,২১৬ টাকা বৃদ্ধি পেলেও ৩ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৯২,৪৬৭ টাকা হ্রাস পেয়েছে।
- ৪ টি সিটি কর্পোরেশনে ২০০৮ এ নির্বাচিতদের মধ্য থেকে আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ১০৫ জনের মধ্যে ৭২ জনেরই (৬৮.৫৭%) আয় বৃদ্ধি পেয়েছে, হ্রাস পেয়েছে ২০ জনের (১৯.০৪%)।

২০০৮ এ নির্বাচিত ও ২০১৩ এ কাউন্সিলর প্রার্থী ও নির্ভরশীলদের সম্পদের তথ্যঃ

সিসি	২০০৮ এ নির্বা	২০১৩ প্রতিদ্বন্দ্বীতাকারী	মোট বৃদ্ধি	সম্পদ ২০০৮	সম্পদ ২০১৩	মোট বৃদ্ধি	গড় বৃদ্ধি	বৃদ্ধির হার	আয় স্থি	মোট হ্রাস	সম্পদ ২০০৮	সম্পদ ২০১৩	মোট হ্রাস	গড় হ্রাস	হ্রাসের হার	সর্বমোট

	চিত								তি						
বরিশাল	৩০	২৮	১১	১,৬৭,৫২,৩০৪	২,৯৩,০৯,৬৬২	১,২৫,৫৭,৩৫৮	১১,৪১,৫৭৮	৭৪.৯৫%	১	১৫	৩,৪০,১৫,৭৮১	৫৯,০৬,৬৬৬	২,৮১,০৯,১১৫	১৮,৭৩,৯৪১	৮২.৬৩	২৭
খুলনা	৩১	২৪	৭	৯৭,৮৯,৫৭৬	২,৭৮,৬৩,৮৯৭	১,৮০,৭৪,৩২০	২৫,৮২,০৪৫	১৮৪.৬২%	২	১৩	২,৯৮,০৮,২২২	৫১,২৫,৫০৩	২,৪৬,৮২,৭১৯	১৮,৯৮,৬৭১	৮২.৮	২২
সিলেট	২৭	২৪	১২	২,৮২,৯৪,৫০৭	৫,৩৮,০১,১৩৫	২,৫৫,০৬,৬২৮	২১,২৫,৫৫২	৯০.১৪%	২	৯	৩,২৩,৩১,৮১৯	৪৬,১৩,১৬০	২,৭৭,১৮,৬৫৯	৩০,৭৯,৮৫১	৮৫.৭৩	২৩
রাজশাহী	৩০	২৯	১১	১,২৮,৫৭,২৩৪	২,৯৫,৩৫,০১৫	১,৬৬,৭৭,৭৮১	১৫,১৬,১৬২	১২৯.৭১%	০	১৮	১,৮০,৪৪,৩৬০	৩৭,৮৬,৩১০	১,৪২,৫৮,০৫০	৭,৯২,১১৪	৭৯.০১	২৯
মোট	১১৮	১০৫	৪১						৫	৫৫						১০১

- ২০০৮ এ নির্বাচিতদের মধ্যে ২০১৩-তে যারা প্রতিদ্বন্দ্বিতা করছেন তাঁদের হলফনামা ও আয়কর বিবরণীতে প্রদত্ত তথ্য তথ্য বিশেষণ করে দেখা যায় যে, বরিশাল সিটি কর্পোরেশনের ২৮ জনের মধ্যে ১১ জনের (নির্ভরশীলদের হিসাবসহ) সম্পদ গড়ে ১১,৪১,৫৭৮ টাকা বৃদ্ধি পেলেও ১৫ জনের জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১৮,৭৩,৯৪১ টাকা হ্রাস পেয়েছে, ৫ জন প্রার্থী সম্পদ বাড়েনি বা কমেনি, ১ জনের তথ্য পাওয়া যায়নি।
- খুলনা সিটি কর্পোরেশনের ২৪ জনের মধ্যে ৭ জনের (নির্ভরশীলদের হিসাবসহ) সম্পদ গড়ে ২৫,৮২,০৪৫ টাকা বৃদ্ধি পেলেও ১৩ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১৮,৯৮,৬৭১ টাকা হ্রাস পেয়েছে; ২ জন প্রার্থী আয় বাড়েনি বা কমেনি, ১ জনের তথ্য পাওয়া যায়নি।
- সিলেট সিটি কর্পোরেশনের ২৪ জনের মধ্যে ১২ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ২১,২৫,৫৫২ টাকা বৃদ্ধি পেলেও ৯ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৩০,৭৯,৮৫১ টাকা হ্রাস পেয়েছে; ২ জন প্রার্থী আয় বাড়েনি বা কমেনি, ১ জনের তথ্য পাওয়া যায়নি।

- রাজশাহী সিটি কর্পোরেশনের ২৯ জনের মধ্যে ১১ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১৫,১৬,১৬২ টাকা বৃদ্ধি পেলেও ১৮ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৭,৯২,১১৪ টাকা হ্রাস পেয়েছে।
- ৪ টি সিটি কর্পোরেশনে ২০০৮ এ নির্বাচিতদের মধ্য থেকে আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ১০৫ জনের মধ্যে ৪১ জনের (৩৯.০৪%) সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) বৃদ্ধি পেলেও, ৫৫ জনেরই (৫২.৩৮%) হ্রাস পেয়েছে।
- একটি বিষয় লক্ষণীয় যে ২০০৮ সালের তুলনায় ২০১৩ সালে ১০৫ জন প্রার্থীর মধ্যে ৭২ জনের (৬৮.৫৭%) বাৎসরিক আয় বৃদ্ধি পেলেও, সম্পদের পরিমান কমেছে ৫৫ জনের (৫২.৩৮%)।

সংরক্ষিত আসনের কাউন্সিলর প্রার্থীদের তথ্য:

২০০৮ এ নির্বাচিত ও ২০১৩ এ সংরক্ষিত কাউন্সিলর প্রার্থী ও নির্ভরশীলদের আয়ের তথ্য:

সিসি	২০০৮ এ নির্বাচত	২০১৩ প্রতিদ্বন্দ্বীতাকারী	মোট বৃদ্ধি	আয় ২০০৮	আয় ২০১৩	মোট বৃদ্ধি	গড় বৃদ্ধি	বৃদ্ধির হার	প্রার্থীদের আয় স্থিতি	মোট হ্রাস	আয় ২০০৮	আয় ২০১৩	মোট হ্রাস	গড় হ্রাস	হ্রাসের হার	সর্বমাট
বরিশাল	১০	৭	৭	৩,১২,০০০	১৬,৮৬,০০০	১৩,৭৪,০০০	১,৯৬,২৮৬	৪৪০.৩৮%	০	০	০	০	০	০	০	৭
খুলনা	১০	১০	৭	৪,৪৫,৫৫০	১৬,০৬,২৪০	১১,৬০,৬৯০	১,৬৫,৮১৩	২৬০.৫০%	০	১	৩,৭১,০০০	১,৮০,০০০	১,৯১,০০০	১,৯১,০০০	৫১.৪৮%	৮
সিলেট	৯	৮	৫	৪,৭২,৩৭০	১২,২৬,৭৭৭	৭,৫৪,৪০৭	১,৫০,৮৮১	১৫৯.৭০%	০	৩	৯,২৪,২০০	২,৮০,০০০	৬,৪৪,২০০	২,১৪,৭৩৩	৬৯.৭০%	৮
রাজশাহী	১০	৯	৭	৩,৮৯,৭২০	১৬,২৬,৪৪০	১২,৩৬,৭২০	১,৭৬,৬৭৪	৩১৭.৩৩%	০	০	০	০	০	০	০	৭
	৩৯	৩৪	২						০	৪						৩০

মোট			৬													

- ২০০৮ অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচনে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে বিজয়ীদের মধ্যে বরিশাল সিটি কর্পোরেশনে ১০ জনের মধ্যে ৭ জন, খুলনা সিটি কর্পোরেশনে ১০ জনের মধ্যে ১০ জন, সিলেট সিটি কর্পোরেশনে ৯ জনের মধ্যে ৮ জন এবং রাজশাহী সিটি কর্পোরেশনে ১০ জনের মধ্যে ৯ জন; অর্থাৎ সর্বমোট ৩৯ জনের মধ্যে ৩৪ জন আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।
- ২০০৮ এ নির্বাচিতদের মধ্যে ২০১৩-তে যারা প্রতিদ্বন্দ্বিতা করছেন তাঁদের হলফনামা ও আয়কর বিবরণীতে প্রদত্ত তথ্য তথ্য বিশেষণ করে দেখা যায় যে, বরিশাল সিটি কর্পোরেশনের ৭ জনের মধ্যে সকলেরই আয় (নির্ভরশীলদের হিসাবসহ) বৃদ্ধি পেয়েছে। প্রত্যেকেরই আয় গড়ে ১,৯৬,২৮৬ টাকা বৃদ্ধি পেয়েছে।
- খুলনা সিটি কর্পোরেশনের ১০ জনের মধ্যে ৭ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১,৬৫,৮১৩ টাকা বৃদ্ধি পেয়েছে। ১ জনের আয় ১,৯১,০০০ টাকা হ্রাস পেয়েছে।
- সিলেট সিটি কর্পোরেশনের ৯ জনের মধ্যে ৫ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১,৫০,৮৮১ টাকা বৃদ্ধি পেয়েছে। ৩ জনের জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ২,১৪,৭৩৩ টাকা হ্রাস পেয়েছে; ১ জনের তথ্য পাওয়া যায়নি।
- রাজশাহী সিটি কর্পোরেশনের ৯ জনের মধ্যে ৭ জনের আয় (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১,৭৬,৬৭৪ টাকা বৃদ্ধি পেয়েছে। ২ জনের তথ্য পাওয়া যায়নি।

- ৪ টি সিটি কর্পোরেশনে ২০০৮ এ নির্বাচিতদের মধ্য থেকে আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ৩৪ জনের মধ্যে ২৬ জনেরই (৭৬.৪৭%) আয় বৃদ্ধি পেয়েছে, হ্রাস পেয়েছে ৪ জনের (১১.৭৬%)।

২০০৮ এ নির্বাচিত ও ২০১৩ এ সংরক্ষিত কাউন্সিলর প্রার্থী ও নির্ভরশীলদের সম্পদের তথ্য:

সিসি	২০০৮ এ নির্বাচিত	২০১৩ প্রতিদ্বন্দী তাকারী	মোট বৃদ্ধি	সম্পদ ২০০৮	সম্পদ ২০১৩	মোট	বৃদ্ধির হার	প্রার্থীদের আয় স্থিতি	মোট হ্রাস	সম্পদ ২০০৮	সম্পদ ২০১৩	মোট হ্রাস	গড়হ্রাস	হ্রাসের হার	সর্বমোট
বরিশাল	১০	৭	৪	১৬,০৯,৩০০	৩১,৪০,৩০০	১৫,৩১,০০০	৯৫.১৩%	০	৩	১১,১৬,৫০০	২,৯৭,০০০	৮,১৯,৫০০	২,০৪,৮৭৫	৭৩.৩৯%	৭
খুলনা	১০	১০	৫	৮,২৫,০৯৮	৩০,৮৫,৫৪৬	২২,৬০,৪৪৮	২৭৩.৯৬%	০	৫	৯২,৯৬,৫৬০	২৭,২১,৫০০	৬৫,৭৫,০৬০	১৩,১৫,০১২	৭০.৭২%	১০
সিলেট	৯	৮	৫	৪৮,৪৭,৯৬০	১,২২,৪১,০১৭	৭৩,৯৩,০৫৭	১৫২.৪৯%	০	৩	৭১,৫৫,৩৯০	২৭,১৬,৪৯১	৪৪,৩৮,৮৯৯	১১,০৯,৭২৫	৬২.০৩%	৮
রাজশাহী	১০	৯	৪	১৫,৯৯,৪০০	২৪,৪৮,৮৬৬	৮,৪৯,৪৬৬	৫৩.১১%	০	৫	৭৭,০৪,০০০	১,৩১,৭৭,৪০০	৬৩,৮৬,৬০০	১২,৭৭,৩২০	৮২.৮৯%	৯
মোট	৩৯	৩৪	১৮					০	১৬						৩৪

- ২০০৮ এ নির্বাচিতদের মধ্যে ২০১৩-তে যারা প্রতিদ্বন্দ্বিতা করছেন তাঁদের হলফনামা ও আয়কর বিবরণীতে প্রদত্ত তথ্য তথ্য বিশেষণ করে দেখা যায় যে, বরিশাল সিটি কর্পোরেশনের ৭ জনের মধ্যে ৪ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১৫,৩১,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে এবং ৩ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ২,০৪,৮৭৫ টাকা হ্রাস পেয়েছে।
- খুলনা সিটি কর্পোরেশনের ১০ জনের মধ্যে ৫ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ২২,৬০,৪৪৮ টাকা বৃদ্ধি পেয়েছে এবং ৫ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১৩,১৫,০১২ টাকা হ্রাস পেয়েছে।
- সিলেট সিটি কর্পোরেশনের ৮ জনের মধ্যে ৫ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৭৩,৯৩,০৫৭ টাকা বৃদ্ধি পেয়েছে এবং ৩ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১১,০৯,৭২৫ টাকা হ্রাস পেয়েছে।

- রাজশাহী সিটি কর্পোরেশনের ৯ জনের মধ্যে ৪ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ৮,৪৯,৪৬৬ টাকা বৃদ্ধি পেলেও ৫ জনের সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) গড়ে ১২,৭৭,৩২০ টাকা হ্রাস পেয়েছে।
- ৪ টি সিটি কর্পোরেশনে ২০০৮ এ নির্বাচিতদের মধ্য থেকে আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ৩৪ জনের মধ্যে ১৮ জনের (৫২.৯৪%) সম্পদ (নির্ভরশীলদের হিসাবসহ) বৃদ্ধি পেয়েছে এবং ১৬ জনের (৪৭.০৫%) হ্রাস পেয়েছে।

'সুজন' সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে যে সকল কার্যক্রম পরিচালনা করছে, নির্বাচন কেন্দ্রীক কার্যক্রম তার মধ্যে অন্যতম। কেননা, নির্বাচন প্রক্রিয়ার মধ্য দিয়ে সৎ, যোগ্য ও জনকল্যাণে নিবেদিত প্রার্থী জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়ে স্ব স্ব ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারে। আমাদের আকাঙ্ক্ষা, ২০০৮-এর সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতাকারী যে সকল প্রার্থী আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনেও প্রতিদ্বন্দ্বিতা করছেন, তাঁদের তথ্যসহ ২০০৮ এর নির্বাচিত কাউন্সিলর প্রার্থীদের মধ্যে যারা এবারের নির্বাচনেও অংশ নিচ্ছেন তাঁদের সকলের তথ্যসমূহ ভোটাররা জানুক এবং জেনে, শুনে, বুঝে ভোটাধিকার প্রয়োগ করুক। আশা করি গণমাধ্যমের সহযোগিতায় আমাদের এ আকাঙ্ক্ষা পূরণ হবে এবং চার সিটি কর্পোরেশনের ভোটারা ''আমার ভোট আমি দেব, জেনে-শুনে-বুঝে দেব'' এই চেতনায় বলীয়ান হয়ে, অপেক্ষাকৃত সৎ, যোগ্য ও জনকল্যাণে নিবেদিত প্রার্থীদের নির্বাচিত করবেন।